# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৯৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - দণ্ডায়মান হওয়া

## بَابُ الْقِيَامِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ قَامَ مِنْ مَجْلِسِهِ ثُمَّ رَجَعَ إِلَيْهِ فَهُوَ أَحَقُّ بِهِ» . رَوَاهُ مُسلم

বাংলা

৪৬৯৭-[৩] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কেউ নিজের স্থান হতে উঠে অন্যত্র চলে যায়, অতঃপর পুনরায় ফিরে আসে, তবে সে-ই ঐ স্থানের অগ্রাধিকারী। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৩১-(২১৭৯), আল আদাবুল মুফরাদ ১১৩৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১২১৮৫, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৮১৫, সুনানুদ্ দারিমী ২৬৫৪, সহীহ ইবনু হিব্বান ৫৮৮, মুসনাদে আহমাদ ৭৫৬৮, মুসনাদুশ্ শাফিঈ ২৯৬, মুসান্নাফ ‘আবদুর রাযযাক ১৯৭৯২, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ১৮১৩, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩০৭২, সহীহুল জামি‘ ৭২২, আবূ দাঊদ ৪৮৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ কোন স্থানে বসার পর সে স্থান হতে উঠলে পুনরায় সে স্থানে বসার বিধান : ইবনু মালিক বলেন, যে ব্যক্তি বসার স্থান ত্যাগ করে উযূ, থুথু ফেলা বা অন্য কোন সাধারণ প্রয়োজনে উঠে বাইরে যায় এবং পুনরায় ফিরে আসার ইচ্ছা রাখে, এমতাবস্থায় সে যদি সেখানে কিছু রেখে যায় অথবা না রেখে যায় সেই স্থানে বসতে পারবে এবং সে ব্যক্তি তার পূর্বের স্থানে বসার অধিক হকদার। তার স্থানে কোন লোকের বসা উচিত নয়। কেউ বসলে পূর্বের ব্যক্তি ফিরে আসলে তার জন্য আসন ছেড়ে দিতে হবে। ছেড়ে দেয়ার বিধান হলো মুস্তাহাব, ওয়াজিব নয়।

কেউ কেউ বলেছেন, যদি সে বসার স্থানে কোন কিছু না রেখে যায় তাহলে তার পূর্বের বসার হুকুম বাতিল হয়ে যায়। তবে দারস প্রদান, শিক্ষক বা উচ্চমর্যাদা বা কোন ব্যক্তি যদি তার স্থান হতে উঠে যায়। তিনি ফিরে আসলে

তাকে তার স্থান ফেরত দিতে হবে।

(তুহফাতুল আহওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৭৫১; শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২১৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75421

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন